

কি কি সেবা কিভাবে প্রদান করা হয় :

- ১. গবাদিপশুর চিকিৎসা প্রদান :** প্রতি কার্যদিবসে প্রাণী চিকিৎসা শাখায় ভেটেরিনারি সার্জন বরাবর মৌখিক অথবা লিখিত আবেদন এর মাধ্যমে এই সেবা পাওয়া যাবে। এছাড়া অফিস সময়ের পর সরকার নির্ধারিত মূল্যে এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বাড়ি গিয়েও চিকিৎসা সেবা প্রদান করা হয়।
- ২. গবাদিপশুর কৃত্রিম প্রজনন :** প্রতি কার্যদিবসে কৃত্রিম প্রজনন শাখায় উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (এ/আই) এবং ইউনিয়ন এ.আই পয়েন্টে সরকারি সেবামূল্যে কৃত্রিম প্রজনন টেকনিশিয়ানদের মাধ্যমে গাভী গরম হওয়ার পর ১২-২০ ঘণ্টার মধ্যে এই সেবা গ্রহন করতে হয়। ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে যেকোনদিন বাড়িতেও প্রজনন সেবা প্রদান করা হয়।
- ৩. গবাদিপশু ও হাঁস-মুরগির টিকাদান :** টিকা প্রাপ্তি সাপেক্ষে প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সম্প্রসারণ শাখায় উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) এর নিকট মৌখিক/লিখিত আবেদনের মাধ্যমে সরকারি সেবামূল্যে এই সেবা প্রদান করা হয়। ইউনিয়ন কল্যাণ কেন্দ্র, ভ্যাকসিনেশন ক্যাম্প, সেবা দিবস আয়োজনের মাধ্যমেও এই সেবা প্রদান করা হয়।
- ৪. কৃষক/খামারি প্রশিক্ষণ :** প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম নোটিশ প্রদানের মাধ্যমে অথবা বিভিন্ন নির্ধারিত কমিটির অনুমোদিত তালিকা মোতাবেক প্রশিক্ষণ প্রদান করা হয়। এক্ষেত্রে হালনাগাদ নিবন্ধনকৃত খামারীদের অগ্রাধিকার প্রদান করা হয়।
- ৫. উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণ :** প্রতি কার্যদিবসে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) এর মাধ্যমে পরামর্শপ্রদানপূর্বক উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাস নার্সারী অথবা সংযোগ ঘাস চাষী হতে বিনামূল্যে উন্নতজাতের ঘাসের কাটিং সংগ্রহ করা যায়।
- ৬. খামার নিবন্ধন :** প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় হতে সরবরাহক...ত নির্ধারিত ফরমে আবেদন করে প্রয়োজনীয় ফি প্রদানের মাধ্যমে বানিজ্যিক খামার নিবন্ধন এর আবেদন করতে হয়। আবেদনের ৩০ দিনের মধ্যে নিবন্ধন সার্টিফিকেট প্রদান করা হয়। একই নিয়মে উক্ত নিবন্ধন প্রতি বছর নবায়ন করতে হয়।
- ৭. পশুখাদ্য বিক্রয়ের লাইসেন্স প্রদান :** প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন করে প্রয়োজনীয় ফি প্রদানের মাধ্যমে পশু খাদ্য বিক্রয় লাইসেন্স এর আবেদন করতে হয়। আবেদনের ৩০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়। একই নিয়মে উক্ত লাইসেন্স প্রতি বছর নবায়ন করতে হয়।
- ৮. মাংস প্রক্রিয়াজাতকারীদের লাইসেন্স প্রদান :** প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় হতে সরবরাহক...ত নির্ধারিত ফরমে আবেদন করে প্রয়োজনীয় ফি প্রদানের মাংস প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স এর আবেদন করতে হয়। আবেদনের ৩০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়। একই নিয়মে উক্ত লাইসেন্স প্রতি বছর নবায়ন করতে হয়।
- ৯. ক্ষতিপূরণ প্রদান / প্রনোদনা প্রদান:** সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে সময়ে সময়ে ক্ষতিগ্রস্ত খামারীদের নির্ধারিত কমিটির অনুমোদন ক্রমে ক্ষতিপূরণ / প্রনোদনা প্রদান করা হয়।
- ১০. দুর্যোগকালীন জরুরী সেবা প্রদান :** দুর্যোগ আক্রান্ত এলাকায়, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জরুরী টিম প্রেরণ করে গবাদিপশু ও হাঁস-মুরগির প্রয়োজনীয় সেবা প্রদানের ব্যবস্থা করা হয়।